



সরকারের সিদ্ধান্তে ব্যাংক ব্যবস্থায় ঝুঁকি তৈরি হচ্ছে: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

সরকার একের পর এক হঠকারী সিদ্ধান্ত নিয়ে দেশের ব্যাংকিং খাতকে ঝুঁকির মুখে ফেলছে বলে অভিযোগ করেছেন জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

সোমবার (২৫ মে) এক বিবৃতিতে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, দেশের অন্যতম বৃহৎ বেসরকারি ব্যাংক ইসলামী ব্যাংকের ওপর সরকারের অযাচিত হস্তক্ষেপের কারণে পুরো ব্যাংকিং ব্যবস্থায় অস্থিরতা তৈরি হচ্ছে। এর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।

গোলাম পরওয়ার দাবি করেন, ২৪ মে ইসলামী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালককে পদত্যাগে বাধ্য করা হয়েছে এবং একই সঙ্গে চেয়ারম্যানকেও পদচ্যুত করা হয়েছে। এতে কোটি কোটি গ্রাহকের মধ্যে আস্থা সংকট ও ব্যাপক ক্ষোভ সৃষ্টি হয়েছে।

তিনি আরও বলেন, সদ্য নিয়োগ পাওয়া চেয়ারম্যানকে নিয়ে বিতর্ক রয়েছে এবং তাকে ‘পালিয়ে যাওয়া আওয়ামী ফ্যাসিস্টদের দোসর’ হিসেবে আখ্যা দিয়ে তার নিয়োগকে ভুল সিদ্ধান্ত বলে মন্তব্য করেন।

জামায়াত নেতা বলেন, ব্যাংকিং খাতে বিপুল অর্থ লুটপাটের অভিযোগ থাকলেও কার্যকর ব্যবস্থা না নিয়ে বরং বিতর্কিত ব্যক্তিদের গুরুত্বপূর্ণ পদে বসানো হচ্ছে, যা পরিস্থিতিকে আরও জটিল করছে। তিনি ব্যাংক খাতে শৃঙ্খলা ফেরাতে কেন্দ্রীয় ব্যাংকের নেতৃত্বে পরিবর্তন এবং ইসলামী ব্যাংকের বোর্ড পুনর্গঠনের দাবি জানান।